



১৩ সেপ্টেম্বর ২০১৫

সংবাদ বিজ্ঞপ্তি

২০১৪ সালের ১ম বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষা ১৯ সেপ্টেম্বর শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষা আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ বেলা ২:০০ টা থেকে সারাদেশে একযোগে শুরু হবে। এ পরীক্ষায় শুধুমাত্র অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা ৪৭৩ টি অনার্স কলেজের ১৭৬ টি কেন্দ্রের মাধ্যমে ৩০ টি বিষয়ে ১,৪২,০০০ (এক লক্ষ বিয়াল্লিশ হাজার) জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে প্রশাসন, সংশ্লিষ্ট কলেজ, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিাবকগণের সহযোগিতা কামনা করছে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়